

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
জেলা পরিসংখ্যান কার্যালয়, লক্ষ্মীপুর
www.bbs.lakshmipur.gov.bd

স্মারক নং- ৫২.০১.৫১০০.০০০.১৩.০৮১.১৭- ৩২

তারিখ: ২৮ ফাল্গুন ১৪৩১
১৩ মার্চ ২০২৫

প্রাপক: উপজেলা হিসাবরক্ষণ অফিসার
উপজেলা হিসাবরক্ষণ অফিসারের কার্যালয়
রামগঞ্জ, লক্ষ্মীপুর।

বিষয়: চেইনম্যান জনাব মোহাম্মদ হোসেন এর মৃত্যুতে তাঁর স্ত্রী জনাব হাজেরা বেগম এর অনুকূলে আনুতোষিক ও পারিবারিক অবসরভাতা মঞ্জুরি।

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর এফএ এন্ড এমআইএস উইং এর আওতাধীন লক্ষ্মীপুর জেলার রামগঞ্জ উপজেলা পরিসংখ্যান কার্যালয়ের প্রাক্তন চেইনম্যান জনাব মোহাম্মদ হোসেন (জন্ম তারিখ- ১০/১০/১৯৬৪) অবসরোত্তর ছুটি ভোগ শেষে অবসর ও আনুতোষিক মঞ্জুরির পূর্বেই গত ১৩ ডিসেম্বর, ২০২৪ তারিখে মৃত্যুবরণ করেন। তাঁর মৃত্যুজনিত কারণে তাঁর স্ত্রী জনাব হাজেরা বেগম আনুতোষিক ও পারিবারিক অবসর ভাতা মঞ্জুরি পাওয়ার জন্য আবেদন করেছেন। অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের ০৫/০৭/১৯৮৯ তারিখের নং-অম/অবি/১-৩পি/২৮/৮৫/৬১ ও ৬২ সংখ্যক স্মারক এবং অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগের বাস্তবায়ন শাখা-১ এর ১৪ অক্টোবর ২০১৫ তারিখের প্রজ্ঞাপন নং - ০৭.০০.০০০০.১৭১.১৩.০০৬.১৫-৮১ মোতাবেক ১০/১০/২০২৪ তারিখ হতে পূর্ণ/ চূড়ান্ত অবসর গ্রহণের প্রেক্ষিতে প্রত্যাশিত শেষ বেতন সনদ (ইএলপিসি) অনুযায়ী সর্বশেষ আহরিত মূল বেতন ২০,৭৬০/- টাকার ৯০% হারে গ্রস পেনশন বাবদ মোট ১৮,৬৮৪/- (আঠার হাজার ছয়শত চুরাশি) টাকা নির্ধারণ করা হলো।

০২। উক্ত গ্রস পেনশন ১৮,৬৮৪/- (আঠার হাজার ছয়শত চুরাশি) টাকার ৫০% ভাগ বা ১ম অর্ধাংশ ৯৩৪২.০০ (নয় হাজার তিনশত বিয়াল্লিশ) টাকার প্রতি ১/-(এক) টাকার বিনিময়ে ২৩০/- (দুইশত ত্রিশ) টাকা হারে সমর্পিত মূল্য বাবদ (৯৩৪২.০০×২৩০/-) =২১,৪৮,৬৬০/- (একুশ লক্ষ আটচল্লিশ হাজার ছয়শত ষাট) টাকা মাত্র এককালীন থোক আনুতোষিক হিসেবে নির্ধারণ করা হলো এবং অবসর ভাতার অবশিষ্ট ৫০% ভাগ বা ২য় অর্ধাংশ ৯৩৪২.০০ (নয় হাজার তিনশত বিয়াল্লিশ) টাকা মাত্র নীট মাসিক পারিবারিক অবসর ভাতা হিসেবে মঞ্জুর করা হলো।

০৩। উক্ত আনুতোষিক বাজেট কোড “৩৭-৩৭৩-৩৭৩১-৩৭৩১১০১” এবং নীট মাসিক অবসর ভাতা বাজেট কোড “৩৭-৩৭৩-৩৭৩১-৩৭৩১১০৩” খাত হতে বহন করা হবে এবং সঞ্চয়ী হিসাব নং- ০২০০০১৩৩৭৯২৪৭ অগ্রণী ব্যাংক লিমিটেড পিএলসি, নাগমুদ বাজার শাখা, রামগঞ্জ, লক্ষ্মীপুর হতে জনাব হাজেরা বেগম কর্তৃক আহরিত হবে।

মোহাম্মদ কামাল হোসেন

উপপরিচালক

ফোন: ০২-৩৩৭৭৩০০৪০

lakshmipurdd@gmail.com

স্মারক নং- ৫২.০১.৫১০০.০০০.১৩.০৮১.১৭- ৩২

তারিখ: ২৮ ফাল্গুন ১৪৩১
১৩ মার্চ ২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো:

- ১। স্টাফ অফিসার, মহাপরিচালকের কার্যালয়, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, ঢাকা।
- ২। পরিচালক, এফএ এন্ড এমআইএস উইং, বিবিএস, ঢাকা।
- ৩। যুগ্মপরিচালক, বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়, চট্টগ্রাম।
- ৪। ব্যবস্থাপক, অগ্রণী ব্যাংক লিমিটেড পিএলসি, নাগমুদ বাজার শাখা, রামগঞ্জ, লক্ষ্মীপুর।
- ৫। পরিসংখ্যান কর্মকর্তা, উপজেলা পরিসংখ্যান কার্যালয়, রামগঞ্জ, লক্ষ্মীপুর।
- ৬। জনাব হাজেরা বেগম, স্বামী- মরহুম মোহাম্মদ হোসেন, চেইনম্যান, উপজেলা পরিসংখ্যান কার্যালয়, রামগঞ্জ, লক্ষ্মীপুর।
গ্রাম: শাকতলা, ডাকঘর: নাগমুদ বাজার, রামগঞ্জ, লক্ষ্মীপুর।
- ৭। অফিস কপি/ ব্যক্তিগত নথি।

মোহাম্মদ কামাল হোসেন

উপপরিচালক

ফোন: ০২-৩৩৭৭৩০০৪০

lakshmipurdd@gmail.com